

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৯ অক্টোবর ২০১৬ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে তিনি এ মন্ত্রণালয় এবং তার আওতাধীন সংস্থা/দপ্তরসমূহের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৬ এর ভিত্তিতে গৃহীত কার্যক্রমসমূহের গুরুত্বের ওপর আলোকপাত করেন। নাগরিক সেবা সহজীকরণে মন্থন ধারণা ও পন্থা উদ্ভাবনে কর্মতৎপরতা ও প্রয়াস অব্যাহত রাখার বিষয়েও তিনি সকলকে আহবান জানান। অত্র মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/দপ্তরসমূহকে স্ব স্ব ইনোভেশন টিমের নিয়মিত সভা আয়োজন করে উদ্ভাবনী কর্মপরিবেশ সৃষ্টি এবং উদ্ভাবনী চর্চা ও সেবা সহজীকরণসহ উদ্ভাবনী কার্যক্রমসমূহের প্রসারের উদ্দেশ্যে সদর দপ্তর ও মাঠ পর্যায়ে জোর তৎপরতার জন্য তিনি পুনরায় অনুরোধ করেন। অতঃপর সভাপতি ইনোভেশন কমিটির সদস্য-সচিবকে সভার কার্যক্রম শুরু করে উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৬ এর বাস্তবায়ন অগ্রগতির উত্থাপনের জন্য বলেন। সদস্য-সচিব শুরুতে বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ এর আলোকে উদ্ভাবনী কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় উপস্থিত বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনায় অংশগ্রহণের অনুরোধ করেন। সার্বিক অগ্রগতি পর্যালোচনার পর বিগত সভার সিদ্ধান্ত/সুপারিশ উপস্থাপন করা হয় এবং তার বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৩। সভায় সকলের অংশগ্রহণে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
৩.১	বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ এর আলোকে উদ্ভাবনী কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ এর আলোকে উদ্ভাবনী কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় উপস্থিত বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। অগ্রগতি বাস্তবায়ন বিষয়ক আলোচনায় অধিকাংশ কার্যক্রম ফলপ্রসূভাবে চলমান প্রতীয়মান হওয়ায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। বাস্তবায়ন সম্ভব নয় এমন কার্যক্রমসমূহ অধিকতর পর্যালোচনা করে কর্মপরিকল্পনা হতে বাদ দেয়া কিংবা আংশিক সংশোধনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ অভিমত ব্যক্ত করেন।	১। বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ এ গৃহীত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংক-কে অনুরোধ করা হয়। ২। বাস্তবায়ন সম্ভব নয় এমন কার্যক্রমসমূহ অধিকতর পর্যালোচনা করে কর্মপরিকল্পনা হতে বাদ দেয়া কিংবা আংশিক সংশোধনের বিষয়ে পরবর্তী সভায় সুনির্দিষ্টভাবে উত্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।
৩.২	প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে অত্র মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা/সমূহের উদ্ভাবনী ধারণা ও উত্তম চর্চার বিষয়সমূহ যথাযথভাবে প্রতিফলন	এ মন্ত্রণালয়ের আওতাধীন বিএমইটি এবং অন্যান্য সংস্থা/সমূহের সদর দপ্তর ও মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের উদ্ভাবনী কার্যক্রম জোরদার ও তা পরিবীক্ষণের বিষয়েও সভায় তাগিদ দেয়া হয়। নাগরিক সেবা সহজীকরণ সংক্রান্ত উদ্ভাবনী ধারণা ও কার্যক্রমসমূহের বিষয়ে এ সভাকে এবং মন্ত্রণালয়কে নিয়মিত অবহিত করার অনুরোধ করা হয়। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এটুআই কর্মসূচির সহায়তায় ২ দিন ব্যাপী উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিষয়েও সভায় পুনরায় আলোচনা করা হয়।	১। সকল পর্যায়ে সেবা সহজীকরণ, উদ্ভাবনী কার্যক্রম এবং উত্তম চর্চার কার্যক্রমসমূহ জোরদার করা এবং এ সকল কার্যক্রমের হালনাগাদ তালিকা প্রস্তুত করে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় উপস্থাপনের জন্য দপ্তর/সংস্থা-সমূহকে অনুরোধ করা হয়। ২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এটুআই কর্মসূচির সহায়তায় মন্ত্রণালয়, সংস্থা/দপ্তরসমূহের একটি সমন্বিত কর্মশালা আয়োজন করার বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়।

৩.৩	বিএমএটি'র ওয়েবসাইটে ইন্টারনেটের মাধ্যমে অনলাইন ভিসা চেকিং পদ্ধতি এবং সংশ্লিষ্ট দেশের আর্থ-সামাজিক ও ভৌগোলিক তথ্যাদির ব্যবস্থা	বিদেশ গমনকারী কর্মীগণ নিজেরাই নিজেদের ভিসা অনলাইনে যাচাই করে যেন নিশ্চিত হতে পারে সে লক্ষ্যে সংযুক্ত আরব আমিরাত, কাতার, সিংগাপুর ও বাহরাইন এর অনলাইন ভিসা চেকিং সুবিধার ন্যায়া পর্যায়ক্রমে বেশী কর্মী প্রেরণ করা হয় এমন অন্যান্য দেশের অনলাইন ভিসা যাচাই এবং প্রয়োজনীয় তথ্য ওয়েবসাইটে সন্নিবেশ করার বিষয়ে সভায় পুনরায় আলোচনা হয়। যেহেতু অনলাইন ভিসা যাচাইয়ের বিষয়টি সংশ্লিষ্ট দেশের সাথে লিংকের ওপর নির্ভর করে, তাই আরো কোন কোন দেশের ভিসা অনলাইনের সাথে লিংক আছে তা যাচাই করে সম্ভাব্য দেশের অনলাইন ভিসা যাচাই সুবিধা বিএমইটি'র ওয়েবসাইটে সন্নিবেশ করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ কার্যক্রমটি জোরদার করার জন্য বিএমইটি একটি সেল গঠন করে একজন সহকারি প্রোগ্রামার-কে দায়িত্ব প্রদান করেছেন বলে বিএমইটি'র ইনোভেশন কর্মকর্তা সভাকে অবহিত করেন।	১। অনলাইন ভিসা যাচাইয়ের এ সুবিধা গ্রহণে বিদেশগামী কর্মীদের উদ্বুদ্ধ করার জন্য বিএমইটি'র জেলা পর্যায়ের অফিস এবং টিটিসিসমূহের মাধ্যমে অধিকতর প্রচারণার ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। বিএমইটি'র পাশাপাশি ওয়েলফেয়ার বোর্ড এবং বোয়েসেলও প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবে। ২। সবচেয়ে বেশী কর্মী প্রেরণ করা হয় পর্যায়ক্রমে এমন আরো কয়েকটি দেশের অনলাইন ভিসা যাচাইয়ের লক্ষ্যে সম্ভাব্য দেশসমূহ অনুসন্ধান করে প্রয়োজনীয় তথ্য ওয়েবসাইটে সন্নিবেশ করার নিমিত্ত গঠিত সেলের মাধ্যমে প্রয়াস অব্যাহত রাখার অনুরোধ করা হয়।
৩.৪	বিএমইটি ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সুবিধা ও প্রক্রিয়ার বিষয়ে শ্রম বাজারের চাহিদাসম্পন্ন সকল দেশের তথ্য সম্বলিত country specific গাইডলাইন প্রদান।	কোরিয়া ও জর্ডানের জন্য বোয়েসেল কর্তৃক প্রদত্ত তথ্যাবলীর বিষয়সমূহ অনুসরণ করে বিএমইটি পর্যায়ক্রমে শ্রম বাজারের চাহিদাসম্পন্ন সকল দেশের তথ্য সম্বলিত country specific গাইডলাইন প্রস্তুত করবে। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সম্বলিত content প্রস্তুত করে মন্ত্রণালয় এবং বিএমইটি'র ওয়েবসাইটে country specific গাইডলাইন এর পাশাপাশি 'FAQ' সংযোজনের বিষয়ে পুনরায় অভিমত ব্যক্ত করা হয়।	১। শ্রমবাজারের চাহিদাসম্পন্ন দেশের তথ্যাদিসম্বলিত country specific গাইডলাইন এবং এর পাশাপাশি 'FAQ' সংযোজনসহ ওয়েবসাইটে আপলোড করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে পুনরায় অনুরোধ করা হয়।
৩.৫	বিদেশগামী কর্মীগণের ফিংগার প্রিন্ট সংগ্রহ, বহির্গমন ছাড়পত্র ও স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম বিভাগীয় পর্যায়ে বিকেন্দ্রীকরণ	১ম পর্যায়ে চট্টগ্রামে এ কার্যক্রমটি শুরু করা হয়েছে। পরবর্তী পর্যায়ে এরূপ যে সকল অঞ্চল/জেলা হতে অধিক কর্মী বিদেশ গমন যেমন, কুমিল্লা জেলায় এ কার্যক্রমটি বিকেন্দ্রীকরণ করা যেতে পারে। কর্মীগণের ফিংগার প্রিন্ট সংগ্রহ এবং তাঁদের অনুকূলে বহির্গমন ছাড়পত্র ও স্মার্ট কার্ড প্রদানের কার্যক্রমটি পর্যায়ক্রমে বিকেন্দ্রীকরণ করা হলে তা সেবা গ্রহিতার সময়, ডিজিট ও খরচ হ্রাসে অত্যন্ত কার্যকর হবে।	১। পরবর্তী পর্যায়ে এরূপ যে সকল অঞ্চল/জেলা হতে অধিক কর্মী বিদেশ গমন করে যেমন, কুমিল্লা জেলায় এ কার্যক্রমটি বিকেন্দ্রীকরণের উদ্যোগ গ্রহণের জন্যেও বিএমইটি এবং ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার বোর্ড -কে পুনরায় অনুরোধ করা হয়।
৩.৬	স্মার্ট কার্ড এর বহুমুখী ব্যবহার এবং বাংলাদেশ মিশনসমূহে তা পঠনযোগ্য করার জন্য মেশিনের ব্যবস্থা করা এবং বিষয়টি বিদেশগামী কর্মীদের প্রাক-বহির্গমন ব্রিফিংয়ে অন্তর্ভুক্তিকরণ	স্মার্ট কার্ড ইস্যুর সময় সংশ্লিষ্ট মিশনসমূহকে লিংক করা হলে কর্মীর অনুকূলে বহির্গমন ছাড় ও স্মার্ট কার্ডের তথ্যাদির বিষয়ে মিশনের কর্মকর্তাগণ তাৎক্ষণিক/আগেই অবহিত হতে পারেন। বিএমইটি এবং ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার বোর্ড এ বিষয়টি পর্যালোচনা করে দেখতে পারে। বিদেশ গমনকারী কর্মীগণকে প্রদত্ত স্মার্ট কার্ডটি পরবর্তীতে বহুবিধ কাজে ব্যবহার করার লক্ষ্যে বাংলাদেশ মিশনসমূহে রিডার মেশিন সরবরাহ করা হয়েছে। সম্প্রতি অনুষ্ঠিত লেবার এ্যাটাশে কনফারেন্সের আলোচনা ও সুপারিশসমূহের আলোকে স্মার্ট কার্ডটির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।	১। স্মার্ট কার্ড ইস্যুর সময় সংশ্লিষ্ট মিশনসমূহকে লিংক করার বিষয়টি পর্যালোচনা করার জন্য বিএমইটি এবং ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার বোর্ড-কে পুনরায় অনুরোধ করা হয়। ২। লেবার এ্যাটাশে কনফারেন্সের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা পূর্বক স্মার্ট কার্ডের বহুবিধ ব্যবহার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য বিএমইটি এবং ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার বোর্ড-কে অনুরোধ করা হয়। এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে পরবর্তী সভায় অবহিত করার জন্যেও অনুরোধ করা হয়। ৩। স্মার্ট কার্ড ও কর্মীদের ইলেক্ট্রনিক সেবা সংক্রান্ত আনুষংগিক বিষয় এবং প্রবাসী কর্মীদের অনুকূলে প্রদত্ত সেবা সহজীকরণ বিষয়সমূহ বাধ্যতামূলক প্রাক-

			বহির্গমন ব্রিফিংয়ের ব্রিফিং ম্যাটেরিয়ালস্ এ অন্তর্ভুক্ত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিএমইটি এবং ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ডকে অনুরোধ করা হয়।
৩.৭	মৃত প্রবাসী কর্মীর পরিবারের অনুকূলে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক সাহায্য প্রদানে অনুসৃত কার্যক্রম	মৃত প্রবাসী বাংলাদেশী কর্মীর ডাটাসমূহ স্বয়ংক্রিয় ভাবে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের Digital file opening software- এ ইনপুট এর পর পরিবারের সদস্যদের ০৩ (তিন) লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়। এ কার্যক্রম ও প্রক্রিয়া আরো দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে ৬০ দিনের একটি টাইম ফ্রেম করা হয়েছে। চাহিদাপত্র জারির পর মৃতের পরিবারের অনুকূলে সংশ্লিষ্ট কাগজপত্র পাওয়া গেলে এ টাইমফ্রেম বাস্তবায়ন করা সম্ভব এবং কোন কোন ক্ষেত্রে টাইমফ্রেমের পূর্বেই এ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হবে। টাইম ফ্রেমের মধ্যে এ সেবা নিশ্চিত করার বিষয়ে ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড এবং বিএমইটি-কে DEMO সমূহের সাথে অধিকতর সমন্বয় ও মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করা এবং প্রয়োজনে এসএমএস ও টেলিফোনের মাধ্যমে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে প্রক্রিয়াটি ত্বরান্বিত করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ কার্যক্রমটি বিশেষ গুরুত্ব সহকারে বাস্তবায়ন করা হচ্ছে বলেও ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন।	১। মৃত প্রবাসী কর্মীর পরিবারের অনুকূলে আর্থিক অনুদান প্রদানে অনুসৃত প্রক্রিয়াসমূহ ত্বরান্বিত করা এবং টাইম ফ্রেমের মধ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্ত ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড এবং বিএমইটি-কে কর্ম প্রয়াস অব্যাহত রাখার অনুরোধ করা হয়। ২। এ প্রক্রিয়ায় প্রাপ্ত ফলাফল ও অগ্রগতি বিষয়ে সভাকে নিয়মিত অবহিত করার জন্য সভায় উপস্থিত ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ডের কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
৩.৮	বোয়েসেল এর মাধ্যমে বিদেশগামী কর্মীদের সকল তথ্য এসএমএস এর মাধ্যমে অবহিতকরণের জন্য এসএমএস গেটওয়ে স্থাপন এর পাশাপাশি একটি মোবাইল এ্যাপস এর মাধ্যমে বাংলায় তথ্যাদি প্রেরণের ব্যবস্থাকরণ	বাংলাদেশ ওভারসীজ সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) এর মাধ্যমে বিদেশগামী কর্মীদের সকল তথ্য এসএমএস এর মাধ্যমে অবহিতকরণের জন্য এসএমএস-সমূহ বাংলায় প্রেরণ করা হচ্ছে। ফলে কর্মীগণ বাংলায় সহজেই তথ্যাদি জানতে পারছেন। এসএমএস গেটওয়ে স্থাপন এর পাশাপাশি একটি মোবাইল এ্যাপস এর মাধ্যমে বাংলায় তথ্যাদি প্রেরণের ব্যবস্থা করা কিংবা সেবা সহজীকরণে বোয়েসেল কর্তৃক আরেকটি উদ্ভাবনী কার্যক্রম গ্রহণের জন্য বোয়েসেলকে অনুরোধ করা হয়।	১। গ্রাহক সেবা কিংবা প্রতিষ্ঠানের অভ্যন্তরে আরেকটি উদ্ভাবনী সেবা কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণের জন্য বোয়েসেল-কে অনুরোধ করা হয়।
৩.৯	প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রক্রিয়াধীন ইনোভেশন কার্যক্রম	ব্যাংকের ইনোভেশন টীমের তত্ত্বাবধানে অনলাইনে অভিবাসন ঋণ আবেদন গ্রহণ ও ঋণ বিতরণের জন্য “পিকেবি অভিবাসন ঋণ অটোমেশন” কার্যক্রমের আওতায় একটি ডেমো তৈরী করা হয়েছে। এ সংশ্লিষ্ট কমিটি কর্তৃক পর্যালোচনার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে বলে সভায় উপস্থিত পিকেবি’র কর্মকর্তা সভাকে অবহিত করেন। ব্যাংকের শাখাসমূহ হতে যেন অনলাইনে তথ্যসমূহ ব্যাংকের সদর দপ্তরে আসে সে লক্ষ্যে প্রোগ্রামিং এর কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ইলেক্ট্রনিক নথি ব্যবস্থাপনার মাধ্যমে শাখা হতে ব্যাংকের সদর দপ্তরে নথি অনলাইনে আসছে।	“পিকেবি অভিবাসন ঋণ অটোমেশন” কার্যক্রমটির বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে কর্মপ্রয়াস অব্যাহত রাখার জন্য পিকেবি-কে অনুরোধ করা হয়।
৩.১০	কল সেন্টারের মাধ্যমে গ্রাহকদের তথ্য সেবা প্রদান	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক তথ্য সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে কল সেন্টার স্থাপনের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে এবং ১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে কল সেন্টারটি উদ্বোধন করা হয়। কল সেন্টার চালুর বিষয়টি আইসিটি বিভাগকে এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/সংস্থা/	১। কল সেন্টার চালুর বিষয়টি আইসিটি বিভাগকে জানানোর জন্য ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ডকে অনুরোধ করা হয়। ২। কার্যক্রমটির ফলপ্রসূতা ও অভিষ্ট ব্যক্তিগণের বহুল ব্যবহারের নিমিত্ত বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন

		<p>সরকারি বেসরকারি সংগঠন কে জানানোর জন্য ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার বোর্ডকে অনুরোধ করা হয়।</p> <p>কল সেন্টারের সুবিধার বিষয়টি প্রচারণা এবং কল সেন্টারে প্রাপ্ত অভিযোগ/সমস্যা সহ অন্যান্য বিষয়গুলোর ওপর কার্যকর ব্যবস্থা গ্রহণে সুষ্ঠু পরিকল্পনার প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p>	<p>ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/সংস্থা/ সরকারি বেসরকারি সংগঠন কে জানানোর এবং প্রচারণা কার্যক্রম পরিচালনার জন্য বিএমইটি এবং ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার বোর্ড -কে অনুরোধ করা হয়।</p> <p>৩। কল সেন্টারে প্রাপ্ত অভিযোগ/ সমস্যা সহ অন্যান্য বিষয়গুলোর ওপর জরুরিভাবে কার্যকর ব্যবস্থা গ্রহণে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়নের জন্য বিএমইটি এবং ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার বোর্ড -কে অনুরোধ করা হয়।</p>
৩.১১	অনলাইনে CIP Application আহ্বান ও প্রক্রিয়াকরণ	অনলাইন CIP Application আহ্বান ও প্রক্রিয়াকরণে সফটওয়্যার procure করার কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করা হয়। এ কার্যক্রমটি ত্বরান্বিত করা প্রয়োজন বলে পুনরায় অভিমত ব্যক্ত করা হয়।	১। অনলাইনে CIP Application আহ্বান ও তা প্রক্রিয়াকরণের কার্যক্রমটি ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।
৩.১২	ই-লার্নিং প্ল্যাটফর্ম ফর মাইগ্রেন্ট ওয়ার্কার	<p>অভিবাসনে গমনেচ্ছু মহিলা গৃহকর্মীদের মোবাইলে content/apps ব্যবহারের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিসহ ব্রিফিং ও প্রশিক্ষণ প্রদানে এটুআই কর্মসূচির সহায়তায় বিকেটিটিসি'র মাধ্যমে ই-লার্নিং প্ল্যাটফর্ম প্রস্তুত করা হয়েছে। ই-লার্নিং প্ল্যাটফর্ম প্রস্তুতের এ কার্যক্রমটি ফলপ্রসূভাবে ব্যবহার করা হলে training duration কমে যাবে। pedagogical part এ physical visit ছাড়াই e-learning হবে। ফলে সেবা গ্রহিতার সময়, খরচ ও ভিজিট হ্রাস পাবে।</p> <p>অধিকতর dissemination ও তার ব্যবহার বৃদ্ধির জন্য দেশের অন্যান্য টিটিসিসমূহেও এ সংক্রান্ত ওরিয়েন্টেশন প্রদানের ব্যবস্থা করা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। ই-লার্নিং প্ল্যাটফর্মে আরও ট্রেড অন্তর্ভুক্ত করার বিষয়ে বিকেটিটিসি, ঢাকা ও বিএমইটি পর্যালোচনা করতে পারে বলেও সভায় মত প্রকাশ করা হয়।</p>	<p>১। ই-লার্নিং প্ল্যাটফর্ম সুবিধা গ্রহণ এবং কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য মহিলা গৃহকর্মীদের প্রশিক্ষণের সময় যথাযথ ওরিয়েন্টেশনের ব্যবস্থা গ্রহণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।</p> <p>২। অধিকতর dissemination ও তার ব্যবহার বৃদ্ধির জন্য দেশের অন্যান্য টিটিসিসমূহেও এ সংক্রান্ত ওরিয়েন্টেশন প্রদানের ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।</p> <p>৩। ই-লার্নিং প্ল্যাটফর্মে আরও ট্রেড অন্তর্ভুক্ত করার বিষয়ে বিকেটিটিসি, ঢাকা ও বিএমইটি-কে পর্যালোচনা করার অনুরোধ করা হয়।</p>
৩.১৩	বিদেশগামী কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ তথ্যসমূহ মোবাইল এ্যাপস এর মাধ্যমে সরবরাহ	Pre-departure briefing চলাকালীন এবং তার আগে ও পরে বিদেশগামী কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ তথ্যসমূহ মোবাইল এ্যাপস এর মাধ্যমে সরবরাহ করা হলে সংশ্লিষ্ট দেশে গমনকারী কর্মীগণ দ্রুততার সাথে এবং সহজেই ইলেক্ট্রনিক পদ্ধতিতে তথ্য সেবা পেতে পারেন এবং এর মাধ্যমে প্রযুক্তি ব্যবহারে তাদের সক্ষমতাও বৃদ্ধি পাবে বলে সভায় পুনরায় অভিমত ব্যক্ত করা হয়। এ বিষয়ে এটুআই কর্মসূচির সাথে বিএমইটি'র মাধ্যমে পুনরায় যোগাযোগ করা যেতে পারে এবং ই-লার্নিং প্ল্যাটফর্ম প্রস্তুতের মাধ্যমে এ কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	<p>১। ই-লার্নিং প্ল্যাটফর্ম প্রস্তুতের মাধ্যমে এ কার্যক্রমটি বাস্তবায়িত মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p> <p>২। এ টু আই কর্মসূচির সাথে সমন্বয় করে অনুরূপ আরো কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।</p>
৩.১৪	যশোহর টিটিসি কর্তৃক গৃহীত অনলাইন ভর্তি কার্যক্রম	যশোহর টিটিসি কর্তৃক অনলাইন ভর্তি কার্যক্রম বিষয়ে সভায় আলোচনা হয়। বিষয়টি অধিকতর পর্যালোচনার নিমিত্ত যশোহর টিটিসি'র সাথে ভিডিও কনফারেন্স করা যায় মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	যশোহর টিটিসি কর্তৃক গৃহীত অনলাইন ভর্তি কার্যক্রম বিষয়ে যশোহর টিটিসি'র সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্ভাবনী এ উদ্যোগটি পর্যালোচনা করা হবে।

৩.১৫	মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ নোটিফিকেশনসমূহের পত্র জারি এবং ওয়েবসাইটে আপলোডের পাশাপাশি ই-মেইল এবং এসএমএস নোটিফিকেশনের ব্যবস্থা করা	মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ নোটিফিকেশনসমূহের পত্র জারি এবং ওয়েবসাইটে আপলোডের পাশাপাশি ই-মেইল এবং এসএমএস নোটিফিকেশনের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা করা হয়। এ ব্যবস্থা চালু করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ তাৎক্ষণিক গুরুত্বপূর্ণ বিষয়ে অবগত হতে পারবেন এবং যথাসময়ে পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে পারবেন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ নোটিফিকেশনসমূহের পত্র জারি এবং ওয়েবসাইটে আপলোডের পাশাপাশি ই-মেইল এবং এসএমএস নোটিফিকেশনের বিষয়টি পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি শাখাকে অনুরোধ করা হয়।
৩.১৬	বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৬ বাস্তবায়ন এবং দপ্তর/সংস্থা/বিভাগ/জেলা/উপজেলা সকল পর্যায়ের ইনোভেশন টিম কর্তৃক কর্মপরিকল্পনা অনুসারে উদ্ভাবনী কার্যক্রম জোরদার করা	<p>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রস্তুতকৃত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৬ অনুসারে কার্যক্রমসমূহ বাস্তবায়নের নিমিত্ত অধিদপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন কর্মকর্তা/প্রতিনিধিগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় এবং পরবর্তী সভায় অগ্রগতি অবহিত করার অনুরোধ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ২০-১২- ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.৭৩ সংখ্যক স্মারকের ০৪ (খ) নির্দেশনা অনুসারে স্ব স্ব ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্যেও সভায় উপস্থিত অত্র মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পুনরায় অনুরোধ করা হয়।</p> <p>জেলা পর্যায়ের ইনোভেশন টিমের কর্ম পরিকল্পনা ২০১৬ প্রণয়ন এবং তা দাখিলপূর্বক তদনুসারে স্ব স্ব দপ্তরে উদ্ভাবনী পরিবেশ সৃষ্টি, উদ্ভাবনী চর্চা এবং জেলা প্রশাসনের সাথে প্রয়োজনীয় সমন্বয়ের নিমিত্ত DEMO সমূহকে নির্দেশনা প্রদানের জন্য এ সভার মাধ্যমে বিএমইটি-কে অনুরোধ করা হয়। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনাসমূহ অনুসরণের জন্যেও সভায় উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরামর্শ প্রদান করা হয়।</p>	<p>১। উদ্ভাবনী কার্যাবলীর বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৬ অনুসারে গৃহিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয় এবং অধিদপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সভায় নিয়মিতভাবে অবহিত ও পর্যালোচনার জন্য অত্র মন্ত্রণালয় এবং অধিদপ্তর/ সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।</p> <p>২। মন্ত্রিপরিষদ বিভাগের ২০-১২- ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.৭৩ সংখ্যক স্মারকের ০৪ (খ) নির্দেশনা অনুসারে ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্যেও সভায় উপস্থিত অত্র মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পুনরায় অনুরোধ করা হয়।</p> <p>৩। জেলা পর্যায়ের ইনোভেশন টিমের কর্ম পরিকল্পনা ২০১৬ প্রণয়ন এবং তা দাখিলপূর্বক তদনুসারে স্ব স্ব দপ্তরে উদ্ভাবনী পরিবেশ সৃষ্টি, উদ্ভাবনী চর্চা এবং জেলা প্রশাসনের সাথে প্রয়োজনীয় সমন্বয়ের নিমিত্ত DEMO সমূহকে নির্দেশনা প্রদানের জন্য এ সভার মাধ্যমে বিএমইটি-কে অনুরোধ করা হয়। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনাসমূহ অনুসরণের জন্যেও সভায় উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</p>

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাবেদ আহমেদ)

সভার সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার
অতিরিক্ত সচিব (প্রশাসন)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়